ডাম্প ও ছত্রাকের ব্যাপারে পলিসি

পলিসির উদ্দেশ্যাবলী

এই পলিসিতে ডাম্প [স্যাঁতসেঁতে] ও ছত্রাক নিয়ন্ত্রণে সিটি কাউন্সিলের দৃষ্টিভঙ্গি তুলে ধরা হয়েছে। সামাজিক আবাসন নিয়ন্ত্রণকারীকে জবাব দিতে এবং সরকারের প্রস্তাবিত আওয়াবের আইন মেনে চলতে এটি লেখা হয়েছে। ডাম্প ও ছত্রাকের ব্যাপারে আমরা কীভাবে সাড়া দিয়ে তা নিয়ন্ত্রণ করব এবং ভাড়াটেরা যে সেবা পাওয়ার আশা করতে পারেন, তার স্তর এই পলিসিতে [কর্মপন্থায়] ব্যাখ্যা করে করা হয়েছে।

সিটি কাউন্সিল এখন যে সব বিষয়ে অগ্রাধিকার দিচ্ছে, তা অনেক বেশি বিস্তৃত ও উচ্চতর প্রোফাইল এজেন্ডায় পরিণত হয়েছে -এই সব বিষয় এই পলিসিতে বর্ণিত হয়েছে।

এই পলিসি প্রণয়নের ফলে কাউন্সিল কর্তৃক হাউজিং অ্যাক্ট 2004 [গৃহায়ন আইন ২০০৪] মেনে চলা নিশ্চিত করবে। এই আইনে বলা করা হয়েছে, বাসাগুলোকে অবশ্যই সবচেয়ে বিপজ্জনক 'ক্যাটাগরি 1' স্তরের ঝুঁকি থেকে মুক্ত রাখতে হবে - যা হাউজিং হেলথ অ্যান্ড সেফটি রেটিং সিস্টেম (HHSRS) ব্যবহার করে মূল্যায়ন করা হয়েছে, এটি একটি ঝুঁকি-ভিত্তিক মূল্যায়ন টুল। এর মধ্যে রয়েছে ছত্রাক ও সব ধরনের ডাম্পের বিষয়।

ডিসেন্ট হোমস স্ট্যান্ডার্ড পূরণের ক্ষেত্রে এই পলিসি কাউন্সিলকে সাহায্য করবে, এতে বলা হয়েছে যে, সামাজিক আবাসনকে অবশ্যই বিপজ্জনক ''ক্যাটাগরি 1'-এর ঝুঁকি থেকে মুক্ত রাখতে হবে। ডিসেন্ট হোমস স্ট্যান্ডার্ডে আরও বর্ণনা করা হয়েছে যে, সামাজিক আবাসনকে অবশ্যই মেরামতের যুক্তিসঙ্গত অবস্থায় রাখতে হবে এবং যুক্তিসঙ্গত তাপীয় আরামের তাপমাত্রা প্রদান করতে হবে। সামাজিক আবাসন নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষ (RSH) যদি সিদ্ধান্ত নেয় যে, কোন আবাসন প্রদানকারী সামাজিক আবাসনের নির্ধারিত মান লঙঘন করেছেণ, তবে তারা আইন মানতে বাধ্য করার ক্ষমতা প্রয়োগসহ বিভিন্ন আইনি ক্ষমতা ব্যবহার করতে পারে।

আমাদের অঙ্গীকার

ওয়েস্টমিনস্টার সিটি কাউন্সিল (WCC) মনে করে, কাউন্সিলের বাসিন্দাগণ এমন একটি বাসায় বসবাস করবেন, যেটি নিরাপদ, উষ্ণ ও সুরক্ষিত, এবং সেই বাসাটি যেন ভালভাবে রক্ষণাবেক্ষণ করা হয়। আমরা যা কিছু করি, তার কেন্দ্রে থাকেন আমাদের বাসিন্দা এবং আমাদের স্টাফ তাদের সাথে সহানুভূতি ও সম্মানের সাথে আচরণ করবেন। সুতরাং যারা মেরামত সেবা প্রদান করবেন, তারাও এইভাবে সেবা প্রদানের ক্ষেত্রে এই মূল মান মেনে সেবা প্রদান করতে হবে।

কার্যকর ডেলিভারি

আমরা নিম্নোক্ত বিষয়ে প্রতিশ্রুতিবদ্ধঃ

- ডাম্প ও ছত্রাক দূরীকরণকে অগ্রাধিকার দেওয়া
- ডেটা এবং নতুন কেপিআই [KPI]-এর এর উন্নতি বিঁধানের পরিকল্পনা করা
- নতুন সমতার প্রভাব মূল্যায়ন করা
- অভ্যন্তরীণভাবে এবং আমাদের বাসিন্দাদের সাথে যোগাযোগ উন্নতি করা
- স্টাফদের উন্নত প্রশিক্ষণের ব্যবস্থার করা

আমরা স্বীকার করি যে, আমাদের অনেক ভাড়াটে ডাম্প ও ছত্রাকের সমস্যায় ভোগেছেন। ডাম্প, ভিজা-ভিজা অবস্থা এবং ছত্রাক সৃষ্টি হওয়ার অনেকগুলো কারণ রয়েছে এবং এগুলো নিয়ন্ত্রণ করা প্রায়ই কঠিন। ডাম্প ও ছত্রাকের স্বাস্থ্যঝুঁকি সম্পর্কিত সরকারি নির্দেশিকায় স্পষ্টভাবে উল্লেখ করে বলা হয়েছে যে, ডাম্প ও ছত্রাক চিহ্নিত করে তা সমাধানের দায়িত্ব হলো বাড়িওয়ালার। ডাম্প ও ছত্রাকের অন্তর্নিহিত কারণগুলো, যেমন - কাঠামোগত সমস্যা বা অপর্যাপ্ত বায়ুচলাচলের কারণ চিহ্নিত করে, তার সমাধান করা বাড়িওয়ালার দায়িত্ব। আমরা ডাম্প ও ছত্রাকের ব্যাপারে তাৎক্ষণিকভাবে সক্রিয় হয়ে 'শূন্য সহনশীলতা' পদ্ধতি গ্রহণ করে প্রতিটি বিষয় ও প্রতিটি সমস্যা সমাধান করবো এবং যেখানে এই সমস্যা পাওয়া যাবে, সেখানে আমরা জরুরীভাবে এটি সমাধান করার লক্ষ্য রাখবো।

আমরা যা করব, তা নিম্নরূপঃ

- আমরা আওয়াবের আইনে প্রস্তাবিত সময়সীমা মেনে চলা নিশ্চিত করবো। ।
- আমরা সংবেদনশীলতার সাথে সাড়া দিব এবং ডাম্প ও ছত্রাকের তীব্রতা, ভাড়াটেদের সম্ভাব্য ঝুঁকি চিহ্নিত করার জন্য জরুরীভাবে সমস্যাটি মূল্যায়ন করবো।
- আমরা সর্বদাই অন্তর্নিহিত সমস্যাটি অবিলম্বে সমাধান করবো, এবং যখন ভাড়াটেদের স্বাস্থ্য সম্পর্কে উদ্বেগ উত্থাপিত হবে, তখন জরুরিভাবে কাজ করবো।
- আমরা ছত্রাক অপসারণের জন্য আমাদের গৃহীত পদক্ষেপ সম্পর্কে ভাড়াটেদের অবহিত করবো এবং বিদ্যমান যেকোন সমস্যার সমাধান করবো। এছাড়া আমাদের কাজের সময়সীমা সম্পর্কেও আমরা ভাড়াটেদের অবহিত করবো।
- সমস্যার উত্স সনাক্ত করতে সাহায্য হওয়ার জন্য ছত্রাক অপসারণের আগে আমরা ছত্রাকের স্থান নথিভুক্ত করবো ও ছবি তুলবো।
- ভাড়াটেদের স্বাস্থ্য ঝুঁকি মোকাবেলার জন্য আমরা ছত্রাক অপসারণ করবো।
- ভবনের ত্রুটি, অপর্যাপ্ত বায়ুচলাচল এবং ভিজা-ভিজা অবস্থা থাকাসহ ডাম্প ও ছত্রাক জন্মানোর অন্তর্নিহিত কারণসমূহ চিহ্নিত করবো এবং সমাধান করবো।
- অনুরোধ পেলে আমরা আমাদের সম্পাদিত কাজ কার্যকর হয়েছে কিনা, তা নিশ্চিত করার জন্য তদন্ত করব, অথবা ডাম্প ও ছত্রাক আবার দেখা যায় কিনা, সেই ব্যাপারে আরও তদন্ত করে ব্যবস্থা নেওয়ার জন্য হস্তক্ষেপ করবো।
- ছত্রাক সমাধানের জন্য আমরা রিসোর্সের অগ্রাধিকার দিব। এটি আমাদের সকল হাউজিং টিম ও সার্ভেয়ারদের জন্য একটি অগ্রাধিকার কর্মা আমাদের ডাম্প ও ছত্রাক বিষয়ে বিশেষজ্ঞ টিম ডাম্প ও ছত্রাকের রিপোর্ট পরিচালনা করবেন।
- ডাম্প ও ছত্রাকের সমস্যাটি পরিবারের দোষ নয় স্বীকার করেই আমরা কাজ শুরু করবো।
- যথাসময়ে ও সহানুভূতিশীল হয়ে বাসিন্দাদের সাথে যোগাযোগ করব। আমরা প্রতিটি বিষয় ও প্রতিটি ভিজিটের ফলো আপ করবো। আমরা তাৎক্ষণিকভাবে সক্রিয় হয়ে পরিবারের কোন সদস্য দুর্বল বা বর্ধিত ঝুঁকির মধ্যে রয়েছেন কিনা, তা নিশ্চিত করবো, এর মধ্যে শিশু, স্বাস্থ্য সমস্যা ও শ্বাসকষ্টের রোগী এবং প্রতিবন্ধী। আওয়াবের আইনের সুপারিশ অনুসারে এই ধরনের বাসিন্দাদের অগ্রাধিকার দেওয়া হবে।
- ডাম্প ও ছত্রাক বিষয়ে রিপোর্ট পাবার তিন দিনের মধ্যে সমস্যা শনাক্ত করতে এবং প্রয়োজনীয় ক্ষেত্রে উপযুক্ত ব্যবস্থা গ্রহনের জন্য এপয়েন্টমেন্ট বুক করতে ভিজিট করার ব্যবস্থা করা হবে। জরুরী অবস্থা হলে 20 দিনের মধ্যে বা তারও আগে বিষয়টি সমাধানের ব্যবস্থা করা হবে।
- ছত্রাক অপসারণে দ্রুত সাড়া দিতে সক্ষম আমাদের রেপিড রেস্পন্স মৌল্ড রিমভাল এন্ড ট্রিটমেন্ট টিম আছে। দীর্ঘমেয়াদী প্রতিরোধমূলক বা প্রতিকারমূলক কাজের আগে ছত্রাক অপসারণ করার জন্য নির্ধারিত লক্ষ্যস্থিত সময়ের মধ্যে কাজ করতে তাদেরকে বরাদ্দ করা

হবে। আমরা সকল ডাম্প ও ছত্রাকের ক্ষেত্রে প্রাক-পরিদর্শন করব এবং ডাম্প ও ছত্রাকের প্রভাবে সৃষ্ট সমস্যার ছবি নেব।

- আমরা নির্দিষ্ট সমস্যা(গুলি) সমাধান নিশ্চিত করতে বাসিন্দাদের সাথে একটি কর্ম পরিকল্পনায় সম্মত হব।
- যেখানে ক্রমাগত ডাম্প হয়, সেখানে ব্যবস্থা নেওয়ার জন্য একজন নিবেদিত সার্ভেয়ার বরাদ্দ করা হবে। তিনি হবেন যোগাযোগের মূল পয়েন্ট এবং.তিনি প্রয়োজনীয় কাজের ব্যবস্থা করবেন। এছাড়া কাজ শেষ না হওয়া পর্যন্ত তিনি যোগাযোগ বজায় রাখবেন। যেসব দুর্বল বাসিন্দার অতিরিক্ত সাহায্যের প্রয়োজন আছে, তাদের ব্যাপারে আমরা আমদের ডাম্প/ছত্রাকের কাজ শেষ না হওয়া পর্যন্ত এডাল্ট ও চিলড্রেন সোশ্যাল কেয়ারের কাছে রেফার করবো।

- কীভাবে ভিজা-ভিজা অবস্থা কমানো যায়, সে বিষয়ে পরামর্শ দেওয়া ও তথ্য দেওয়ার জন্য একজন নিবেদিত সার্ভেয়ার নিয়োজিত থাকবে। তারা এনার্জি বিলের বিষয়ে পরামর্শ দেওয়া ও সহায়তা করার জন্য বাসিন্দাদের দিকনির্দেশনা দিবে। ডাম্প ও ছত্রাকের সমস্যা এড়াতে সেগুলো উত্তমভাবে রাখা নিশ্চিত করতে আমরা আমাদের পরিত্যাক্ত বাসাগুলোতেও বিনিয়োগ করছি। আমরা নিয়মিত রক্ষণাবেক্ষণ পরখ করা সহ আমাদের চলমান প্রতিনিরোধ ব্যবস্থায় সহায়তা করার জন্য আরও সক্রিয়ভাবে কৌশলগুলো কার্যকর করব এবং উপযুক্ত ক্ষেত্রে আমরা উন্নত বায়ুচলাচল [ভেন্টিলেশন] ব্যবস্থায় বিনিয়োগ করব।
- আগেভাগে ডাম্প ও ছত্রাক সনাক্ত করার জন্য আমরা আর্দ্রতা সেন্সরের মতো প্রযুক্তিতে বিনিয়োগ করবো।
- বাসিন্দাদের সাথে নিয়মিত নীতি পর্যালোচনা করা হবে এবং নীতিতে প্রদত্ত প্রতিশ্রুতি ও সম্পাদিত কার্য মনিটর করা হবে। আমরা নিশ্চিত করব যে, সম্পাদিত কার্যের বিস্তারিত বিষয় মূল সূচকগুলোর বিপরীতে সম্পাদিত কার্য মনিটর করা হয়েছে। এছাড়া আমরা নিয়মিতভাবে এই লক্ষ্যগুলোর বিপরীতে সম্পাদিত কার্যের বিষয়ে রিপোর্ট করব এবং আমাদের আবাসিক প্যানেলকে মাসিক সম্পাদিত কার্যের তথ্য সরবরাহ করব। আমরা রেসিডেন্ট প্যানেল ও অন্যান্য আবাসিক গ্রুপগুলোকে নিয়মিত বিরতিতে নীতির বিষয়ে ফিডব্যাক দিতে আমন্ত্রণ জানাবো, অধিকন্তু নীতিটি যাতে ক্রমাগত উন্নতি জোরালো করতে পারে, সেজন্য আমাদের সাথে বাশিন্দাদের কাজ করতে আমন্ত্রণ জানাব।
- আমরা জানি যে, যে ভেজা-ভেজা অবস্থার অনেক কারণ রয়েছে। আমরা ডাম্প ও ছত্রাক নিয়ন্ত্রণে সহায়তা করার জন্য বাসিন্দাদেরকে বাস্তব পরামর্শ দেব এবং ডাম্প ও ছত্রাকে ভুক্তভোগী বা উদ্বিগ্ন বাসিন্দাদের কীভাবে সহায়তা করতে পারি - তার বিশদ বিবরণ অনলাইনে প্রকাশ করা নিশ্চিত করব।
- কোন বাসিন্দা যদি কোন রোগের উপসর্গ নিয়ে উদ্বিগ্ন হন, তাহলে তিনি যাতে একজন স্বাস্থ্যসেবা পেশাদারের সাথে পরামর্শ করেন, সেজন্য বাসিন্দাদের আহ্বান জানাচ্ছি।

কমজোরি বা ভঙ্গুর [ভালনারেবল] ভাড়াটে

কিছু বাসিন্দা, যাদের মধ্যে অল্পবয়সী শিশু ও বিশেষ স্বাস্থ্যগত সমস্যার মানুষ, যেমন শ্বাসযন্ত্রের সমস্যা বা রোগ প্রতিরোধ ক্ষমতার ঘাটতি রয়েছে এবং প্রতিবন্ধী, তারা ডাম্প ও ছত্রাকের কারণে আরও ঝুঁকিপূর্ণ ও বেশি ঝুঁকিতে থাকার সম্ভাবনা রয়েছে। যখন ডাম্প ও ছত্রাকের সমস্যার ব্যাপারে রিপোর্ট করা হয়, তখন আমরা রিপোর্টকারী বাসিন্দাকে তার নিজের বা তার পরিবারের অন্য কোন সদস্যদের স্বাস্থ্যগত কোন প্রয়োজন রয়েছে কিনা বা পরিবারে কোন প্রতিবন্ধী লোক আছে কিনা জিজ্ঞাসা করি, কারণ মেরামতের ক্ষেত্রে তাদেরকে অগ্রাধিকার দিতে হবে।

চিলড্রেনস অ্যান্ড অ্যাডাল্টস সোশ্যাল কেয়ারের স্টাফ-সহ বাসা পরিদর্শনকারী কাউন্সিলের সব স্টাফকে সংশ্লিষ্ট বাসায় ডাম্প ও ছত্রাকের বিষয়টি অনুসন্ধান করতে বলা হয় এবং ভাড়াটেদের মধ্যে কেউ কমজোরি, প্রতিবন্ধী এবং স্বাস্থ্যগত কোন সমস্যা আছে কিনা, তা জেনে স্পষ্ট করে হাউজিংকে রিপোর্ট করতে বলা হয়।

সনাক্তকরণ এবং প্রশিক্ষণ

কাউন্সিলের যে সব স্টাফ ভাড়াটেদের সাথে দেখা করতে তাদের বাসায় যান, তারা ডাম্প ও ছত্রাকের কোন উপস্থিতি দেখাতে পান কিনা, তা সক্রিয়ভাবে অনুসন্ধান করবেন এবং তারা যা পাবেন, তা রিপোর্ট করে জানাবেন। আমরা ডাম্প ও ছত্রাকের বিষয়ে একটি বিশেষজ্ঞ টিম গঠন করেছি এবং আমাদের সাধারণ জরিপকারী স্টাফদের কাছে নিয়মিতভাবে ডাম্প ও ছত্রাকের বিষয়ে বার্তা পাঠানো নিশ্চিত করা হবে।

আমরা আমাদের অ-মেরামতকারী স্টাফদের ডাম্প ও ছত্রাক চিহ্নিত করতে সক্ষম করার জন্য প্রশিক্ষণ দেব। বাসা পরিদর্শনকারী চিলড্রেন ও এডাল্ট সার্ভিসের স্টাফ সহ কাউন্সিলের অন্যান্য স্টাফদেরকেও ডাম্প ও ছত্রাক চিনতে ও তা হাউজিংয়ে রিপোর্ট করতে প্রশিক্ষণ প্রদান করবো।

আমরা সচেতনতামূলক কর্মসূচী চালু করে বাসিন্দাদের সহায়তা করবো। কীভাবে ডাম্প ও ছত্রাকের জন্ম প্রতিরোধ করা যায় এবং সেগুলো যেখানে জন্মে, সেখানে কীভাবে সহজে ও দ্রুততার সাথে সনাক্ত করা যায়, সে বিষয়ে পরামর্শ প্রচার করে বাসিন্দাদের সহায়তা করবো। কর্মপন্থার সাথে সম্পর্কিত সব যোগাযোগ ও পরিষেবা সকল বাসিন্দাদের কাছে অ্যাক্সেসযোগ্য করা হবে।

কেসের ব্যবস্থাপনা

ডাম্প ও ছত্রাকের ব্যাপারে আমাদের দৃষ্টিভঙ্গির পরিপ্রেক্ষিতে আমরা এই নির্দেশক নীতিমালা অনুসরণ করবোঃ

- আমাদের লক্ষ্য হলো - আমরা সব সময় ডাম্প ও ছত্রাক ধুয়ে পরিষ্কার করার মাধ্যমে তাত্ক্ষণিক ঝুঁকি দূর করবো।

এতে বাসিন্দাদের স্বাস্থ্যের হুমকি হ্রাস পাওয়া নিশ্চিত হবে। প্রয়োজনীয় প্রতিকারমূলক কাজের কারণে যদি ক্ষতি হওয়ার ঝুঁকি অবিলম্বে দূর করা না যায়, তবে ঝুঁকির সমাধান না হওয়া পর্যন্ত আমরা বাসিন্দাদের অস্থায়ীভাবে অন্যত্র সরিয়ে নেওয়ার চেষ্টা করব। কমজোরি বাসিন্দাদের বিষয় সিদ্ধান্তের অংশ হবে।

- সর্ব ক্ষেত্রেই ছত্রাক ধৌত করার কাজ করা হবে, এবং ডাম্প ও ছত্রাক কমাতে কীভাবে ডিহিউমিডিফায়ার ব্যবহার করা হবে, তার নির্দেশিকা ও পরামর্শসহ ডিহিউমিডিফায়ার সরবরাহ করা হবে।
- ওয়েস্টমিনস্টার কাউন্সিলের মেরামতের মান অনুযায়ী সমস্ত মেরামত কাজ সম্পন্ন করা হবে। কাজ আনুষ্ঠানিকভাবে বন্ধ না হওয়া পর্যন্ত সকল বিষয় পর্যালোচনার অধীনে রাখা হবে।
- সকল ক্ষেত্রেই কমজোরি [ভালনারেবিলিটি] নিয়ে যে কোন সমস্যা লক্ষণীয় করে রাখা হবে এবং এটি রেকর্ড করা হবে। এই ধরনের ক্ষেত্রে যথাযথ উপায়ে সাড়া দেওয়ায় হবে, এতে অস্থায়ী নিষ্কাশন অন্তর্ভুক্ত পারে পারে।

রিসোর্স [সংস্থান] এবং পদক্ষেপ

আমাদের নিবেদিত বিশেষজ্ঞ টিম ডাম্প ও ছত্রাকের ঘটনা নিয়ন্ত্রণ করবে। তারা নিম্নলিখিত কাজ কাঠামোর আওতায় থেকে সেবা দান করবেঃ

- বিনামূল্যে হোম ভিজিট করবে
- ছত্রাকনাশক দ্রব্য দিয়ে ছত্রাক জন্ম নেওয়া স্থান ধুয়ে পরিষ্কার করবেন।
- সমস্যার মূল কারণ উৎপাটন করবেন। এই বিষয়ে আরও তদন্ত করার প্রয়োজন হতে পারে, এবং আমরা জানি যে, এর একাধিক কারণ থাকতে পারে।
- আমরা প্রতিটি বিষয়ে পৃথকভাবে ব্যবস্থা নেবো, প্রতিটি কেস আলাদা বলে চিহ্নিত করা হবে।

সমস্যা নির্ণয় এবং সমাধানে কার্য ব্যবস্থা গ্রহণ

নিম্নলিখিত সময়সীমার মধ্যে এবং আওয়াবের আইন অনুসারে সমস্যা নির্ণয় করা হবে এবং সমাধান করার ব্যবস্থা নেওয়া হবেঃ

- ডাম্প ও ছত্রাকের উপস্থিতি, এগুলোর ভয়াবহতা, অবস্থান, অন্তর্নিহিত কারণ এবং সম্ভাব্য স্বাস্থ্য ঝুঁকি মূল্যায়ন করতে তিন দিনের মধ্যে অগ্রাধিকারের ভিত্তিতে বাসা পরিদর্শন করা হবে।
- সর্বদাই যথাযথভাবে যোগ্যতাসম্পন্ন স্টাফ বা ঠিকাদার ডাম্প ও ছত্রাকের মূল্যায়ন করবেন।
- আমরা 10 দিনের মধ্যে ডাম্প ও ছত্রাক ধৌত করার ব্যবস্থা করব।
- আবার ডাম্প ও ছত্রাকের জন্ম হয় কিনা, তা পরীক্ষা করার জন্য আমরা তিন মাসের মধ্যে একটি ফলো-আপ পরিদর্শন করবো।
- যেকোনো ফলোআপ কাজ তিন মাসের মধ্যে শেষ করা হবে।
- আমরা সবসময় ডাম্প ও ছত্রাকের কারণ ও এর প্রভাব ব্যাখ্যা করা নির্দেশিকা রেখে আসবো। এছাড়া পুনরায় ডাম্প ও ছত্রাকের কোনো লক্ষণ দেখা দিলে বাসিন্দাদেরকে কী করতে হবে, তা নির্ধারণ করে দেওয়া নির্দেশিকা রেখে আসবো।

পর্যবেক্ষণ করা

কর্মপন্থা কঠোরভাবে প্রয়োগ হওয়ার বিষয়টি নিশ্চিত করতে আমরা নিম্নলিখিত সূচকগুলোর বিপরীতে সম্পাদিত কর্ম পর্যবেক্ষণ করবঃ

- রিপোর্ট করা ও সনাক্ত হওয়া ঘটনার সংখ্যা।
- পরিদর্শন করা হয়েছে এবং মূল্যায়ন করা হয়েছে - এমন সব ঘটনা।
- যেক্ষেত্রে সব চিহ্নিত বিষয়ের প্রতিকারমূলক কাজ সম্পন্ন হয়েছে। সেই সব বিষয়।

পর্যবেক্ষণ কাঠামোর লক্ষ্য হলঃ

- ডাম্প ও ছত্রাক ব্যবস্থাপনার ব্যাপারে বাসিন্দাদের সন্তুষ্টি বাড়ানো।
- ডাম্প ও ছত্রাকের জন্য অ্যাডহক ভিত্তিক মেরামত করার কাজ হ্রাস করা।
- ডাম্প ও ছত্রাকের জন্য পুনরাহ্বানের পরিদর্শন হ্রাস করা।
- ডাম্প ও ছত্রাকের সাথে যুক্ত অভিযোগের সংখ্যা হ্রাস করা।
- ডাম্প ও ছত্রাকের সাথে যুক্ত মেরামতহীন বাসার সংখ্যা হ্রাস করা।

এই পলিসির অংশ হিসাবে অ্যাক্সেস, অভিজ্ঞতা এবং/অথবা সহাতার সাথে যুক্ত কোন বৈষম্য হয়েছে কিনা, আমরা তা জানতে আগ্রহী এবং এই জাতীয় সমস্যা সনাক্ত করার প্রক্রিয়া আমরা চালু করব।

ডকুমেন্ট সমাপ্ত